

২৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ক্যারেন কসলোউইত্জ (Karen Koslowitz) (D, WF)

হ্যালো, আমি Karen Koslowitz এবং আমি ২৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টে পুনঃনির্বাচিত

হওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। যেহেতু আমরা দীর্ঘ অর্থনৈতিক অস্থিতিশীলতা ভোগ করার পর

আমাদের সিটিকে পুনঃনির্মিত করার কাজ আরম্ভ করেছি, যাতে আরা সঠিক সংযোজন সহকারে গণকর্মচারীর অভিজ্ঞতার উপস্থিতি চাই এবং কঠোর পরিশ্রমী মধ্যম শ্রেণীর স্বার্থ রক্ষা করতে চাই। আমার সংগঠনিক কার্যক্রমের উপর একটি শক্তিশালী অভিজ্ঞতা রয়েছে। আমি আমার কমিউনিটির প্রয়োজনীয়তার কথা সর্বাগ্রে গুরুত্ব দেই। একজন কাউন্সিল সদস্য হিসেবে কাজ করার সময় আমি লক্ষ লক্ষ ডলার স্কুল সমূহের সুযোগ বৃদ্ধির জন্য, রাস্তাসমূহ, খেলার মাঠ, পাঠাগার এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠান সমূহের উন্নয়নের জন্য অর্জন করি। অর্থনৈতিক উন্নয়ন কমিটির সভাপতি হিসেবে আমি দৃঢ়ভাবে নীতিমালা গ্রহণ করি এবং শ্রমজীবী ও মধ্যম শ্রেণীর স্বার্থরক্ষা করি। দুই কন্যার একজন মাতা হিসেবে আমি জানি যে আমাদের সন্তানেরাই আমাদের ভবিষ্যৎ এবং অবশ্যই আমাদের তাদের সাফল্য লাভের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম অবশ্যই প্রদান করতে হবে। আমি দৃঢ় ভাবে প্রতিজ্ঞাবদ্ধ যা একজন পিতা-মাতা অভিভাবক এবং গণ কর্মচারী হিসেবে আমাদের ছাত্র-ছাত্রীদেরকে খুবই উন্নত মানের শিক্ষা প্রদান করতে হবে। আমি অক্লান্ত পরিশ্রম করেছি আমাদের শিশুদের ধাপে ধাপে প্রয়োজনীয় পরিচর্যা তহবিল পুনঃরুদ্ধার করা এবং স্কুল বিকন কার্যক্রমের অনেক প্রয়োজনীয়তা রয়েছে। নাগরিক অধিকার সংরক্ষণে আমার অবশ্য একটি বলিষ্ঠ নেতৃত্বান্বিত কন্ঠ রয়েছে। যখন প্রস্তাবিত বাজেট কর্তনের প্রস্তাব করা হয় তখন নাগরিক সুযোগ সুবিধার একটি বিষয় ভয়ংকর ভাবে কর্তনের ঝুঁকিতে পড়ে। আমি বয়স্ক নাগরিকদের পরিপূর্ণ সেবার নিমিত্তে প্রয়োজনীয় তহবিল সংগ্রহের বিষয়ে সংগ্রাম করেছি। সেই সাথে খাদ্য সরবরাহ কার্যক্রম এবং সুবিধা ও উপযুক্ততার ক্ষেত্রে সহায়তা করা প্রভৃতি। একটি বৃহত্তর কর্ম রয়েছে যা অধিকতর সমন্বয় করতে হবে এবং এই কারণে আমার পক্ষে পুনঃনির্বাচনের নিমিত্তে নির্বাচনে অংশগ্রহণ করা। আমি ২৯তম কাউন্সিলের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য একটানা চেষ্টা চালাইয়া যাইব এবং নগরীটিকে প্রতিদিন উন্নয়নের চেষ্টা করবো। আপনাকে সুবিধা প্রদান এবং সম্মানজনক কাজ করার সুযোগ দেয়ার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই, এবং আস্থা ও বিশ্বস্ততার সহিত পুনরায় বলিতে চাই ব্যালট বক্সে আপনার ভোটটি আমাকে দিবেন। আপনাদেরকে ধন্যবাদ।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*